

## ফতওয়ানং ২৫৭

### প্রশ্নঃ

জনাব মুফতী সাহেব, আমার প্রশ্ন হচ্ছে এই যে অনেক সময় দেখা যায় সাধারণ মানুষ না তারা মাওলানা, না হাফিজ। ব্যান করার সময় কুরআন মাজীদ এর আয়াত ও সহীহ পড়তে পারে না বা অনেক সময় এমন হয় যে কুরআন মাজীদ এর মূল শব্দ টাও ঠিক ভাবে উচ্চারণ করতে পারে না এবং হাদীস শরীফ এর মূল শব্দ ও উচ্চারণ ঠিক ভাবে করতে পারে না। এমন লোকদের ব্যান করার সময় কুরআন মাজীদ এর আয়াত পড়ার অথবা হাদীস এর মূল আরবী টা পড়ে কুরআন মাজীদ এর তাফসীর করা এবং হাদীস এর ব্যাখ্যা করার জায়িজ আছে কি?। না তারা শুধু কুরআন মাজীদ ও হাদীস শরীফ এর সারমর্ম টুকু বলবে। দয়া করিয়া উত্তর দেবেন।

### উত্তরঃ

যে ব্যক্তি আলেম নয়, তার ওয়াজ বা বক্তৃতা করা জাইয নেই। ওয়াজ ও বক্তৃতাতে সাধারণতঃ কুরআনের আয়াত বা হাদীসের ব্যাখ্যা বলার দরকার হয়। আর আলেম ব্যতীত কেউ সঠিক ব্যাখ্যা দিতে পারেনা। সাধারণ মানুষের দ্বারা কুরআন-হাদীসের অপব্যাক্যার আশঙ্কা আছে। তাই যে ব্যক্তি আলেম নয়, সে ব্যান-বক্তৃতা না করে বরং কোনো যোগ্য, বিশ্বস্ত আলেমের লিখিত সহজ বোধ্য বই পড়ে শুনাবে। ফতওয়া আলমগীরীতে লেখা আছে, “আমর বিল মা’রুফ করতে ইলমের প্রয়োজন।” [৫/৩৫৩]

### স্বাক্ষর

মুফতী সাইফুল ইসলাম কাসিমী  
ফতওয়া বিভাগ, জামিয়া নুমানিয়া।  
২৮ রজব, ১৪৪৫ হিজরী (09/02/2024)